ERRIN সম্পর্কে

অভিবাসীদের প্রত্যাবর্তন ও পুনরেকত্রীকরণে যৌথ পদক্ষেপে সহায়তাদান

ইউরোপিয়ান রিটার্ন অ্যান্ড রিইন্টিগ্রেশন নেটওয়ার্ক (European Return and Reintegration Network - ERRIN) হল ১৫ টি সহযোগী দেশের একটি সংঘ যেটি সেইসকল অভিবাসীদের প্রত্যাবর্তন ও পুনরেকত্রীকরণের ক্ষেত্রে সহায়তাদান করে যারা ইউরোপে থাকতে পারেন না, বা আর থাকতে চান না। নেটওয়ার্কটি মাতৃভূমিতে প্রত্যাবর্তনকারী ব্যক্তিদের জন্য বিবিধ রকম প্রয়োজন মেটানোর ব্যবস্থা করে, পরামর্শ দেয়, রেফারাল, এবং পুনরেকত্রীকরণে সহায়তা প্রদান করে।

কর্মসূচিটির অধীনে, IRARA বাংলাদেশে পুনঃঅঙ্গীভূতকরণে প্রাথমিক পদক্ষেপ গ্রহণকারী চুক্তিবদ্ধ পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান যেটি স্বেচ্ছায় ও জোরপূর্বক প্রত্যাবর্তনকারী উভয় ধরনের অভিবাসীদের সহায়তা করে।

ERRIN, ইউরোপীয়ান ইউনিয়নের অ্যাসাইলাম, মাইগ্রেশন অ্যান্ড ইন্টিগ্রেশন ফান্ড (AMIF) এর মাধ্যমে অর্থসাহায্য পায়, এছাড়া এটি প্রকল্পের অংশীদার জাতীয় সংস্থাগুলির কাছ থেকেও অর্থসাহায্য পেয়ে থাকে।

আরো জানুন: **www.returnnetwork.eu**

ERRIN সহযোগী দেশসমূহ

	ইউরোপীয়ান পার্টনার ইনস্টিটিউশন
অস্ট্রিয়া	ফেডারেল মিনিস্ট্রি অফ ইন্টেরিয়র
গ্রীস	মিনিস্ট্রি অফ ইন্টেরিয়র অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিকনস্ট্রাকশন
জার্মানি	ফেডারেল মিনিস্ট্রি অফ ইন্টেরিয়র, বিল্ডিং অ্যান্ড কমিউনিটি - ফেডারেল অফিস ফর মাইগ্রেশন অ্যান্ড রিফিউজিস
ডেনমার্ক	মিনিস্ট্রি অফ ইমিগ্রেশন অ্যান্ড ইন্টিগ্রেশন
নরওয়ে	নরউইজান ডাইরেক্টরেট অফ ইমিগ্রেশন
নেদারল্যান্ডস	মিনিস্ট্রি অফ জাস্টিস অ্যান্ড সিকিওরিটি - রিপ্যাট্রিয়েশন অ্যান্ড ডিপার্চার সার্ভিস
ফিনল্যান্ড	ফিনিশ ইমিগ্রেশন সার্ভিস
ফ্রান্স	মিনিস্ট্রি অফ ইন্টেরিয়র - অফিস ফর ইমিগ্রেশন অ্যান্ড ইন্টিগ্রেশন
বেলজিয়াম	ফেডারেল এজেন্সি ফর দ্য রিসেপশন অফ অ্যাসাইলাম সিকারস /ফেডারেল ইমিগ্রেশন অফিস
মাল্টা	মিনিস্ট্রি ফর হোম অ্যাফেয়ার্স অ্যান্ড ন্যাশানাল সিকিউরিটি
যুক্তরাজ্য	হোম অফিস
লুক্সেমবার্গ	মিনিস্ট্রি অফ ফরেন অ্যান্ড ইউরোপীয়ান অ্যাফেয়ার্স
সুইজারল্যান্ড	স্টেট সেক্রেটারিয়াট ফর মাইগ্রেশন
সুইডেন	সুইডিশ মাইগ্রেশন এজেন্সি
স্পেন	মিনিস্ট্রি অফ লেবার, ইমিগ্রেশনস অ্যান্ড সোসাল সিকিওরিটি - ডিপার্টমেন্ট অফ মাইগ্রেশন

আমাদের সাথে যোগাযোগ করুন

ERRIN কর্মসূচির আওতায় প্রত্যাবর্তনকারীদের সহায়তার জন্য ঢাকা, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, নারসিংদী, কুমিল্লা, সিলেট, নোয়াখালি, শরিয়তপুর এবং খুলনায় IRARA এর অফিস রয়েছে।

IRARA

আমরা আপনাকে সহায়তা করার জন্য প্রস্তুত!

সাক্ষাতের ঠিকানা
ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম (BRAC Migration Programme), ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা ১২১২, বাংলাদেশ

অফিস চলাকালীন সময়
রবিবার-বৃহস্পতিবার
সকাল ৯ টা - বিকাল ৫ টা

+88 (0)1713052792

bangladesh@irara.org

loc.bangladesh@irara.org

www.irara.org/bangladesh

IRARA brac

বাংলাদেশ
বাংলা

প্রত্যাবর্তনকারী অভিবাসীদের জন্য ERRIN পুনরেকত্রীকরণ কর্মসূচি

european return and reintegration network

Co-funded by the Asylum, Migration and Integration Fund of the European Union

Migration in Action
Migratie in Beweging

আপনি কি
সহায়তা পাওয়ার জন্য যোগ্য?

আপনি যদি বাংলাদেশের নাগরিক হন এবং কোনো ERRIN (পাতার উল্টোদিকে তালিকাভুক্ত*) সহযোগী দেশ থেকে প্রত্যাবর্তন করতে চান বা করতে হয়, তাহলে আপনি কর্মসূচি থেকে সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন।

প্রত্যাবর্তনকারীরা সকল বয়সের ও শ্রেণীর, স্বেচ্ছায় এবং জোরপূর্বক উভয় ধরনের প্রত্যাবর্তনকারীই হতে পারে, এবং তারা নিম্নোক্ত শ্রেণীর অন্তর্ভুক্ত হতে পারে:

- আশ্রয় প্রার্থী
- প্রত্যাখ্যাত আশ্রয় প্রার্থী
- নিয়মিত ও অনিয়মিত অভিবাসী
- একাকী নাবালক
- অন্যান্য বিপন্ন ব্যক্তি

সহযোগী দেশটির দায়িত্বশীল কর্তৃপক্ষের দ্বারা যোগ্যতা নির্ধারিত হয়। ওইসকল কর্তৃপক্ষের দ্বারা একটি ইতিবাচক যাচাইয়ের পরেই শুধু পুনরেকত্রীকরণে সহায়তা প্রদান করা হবে।

আপনি যদি একটি সহযোগী দেশ থেকে প্রত্যাবর্তন করে থাকেন এবং আপনি এখনও পর্যন্ত পুনরেকত্রীকরণ সহায়তার জন্য আবেদন না করে থাকেন তাহলে তাসত্ত্বেও আপনি যোগ্য হতে পারেন। অনুগ্রহ করে আরো তথ্যের জন্য IRARA অফিসগুলিতে যোগাযোগ করুন।

আপনি
কীভাবে আবেদন করতে পারেন?

আপনি ERRIN সহযোগী দেশগুলির কোনো একটির ERRIN যোগাযোগের মাধ্যমে আবেদন করতে পারেন। আপনার সমাজ কর্মী বা পরামর্শদাতার কাছে আরো তথ্য পেতে পারেন।

ERRIN সহযোগী দেশের অনুমোদন পাওয়ার পরেই শুধু আপনার পুনরেকত্রীকরণ পরিষেবাগুলি সক্রিয় হয়।

আপনি যদি ইতোমধ্যেই বাংলাদেশে ফিরে গিয়ে থাকেন তাহলে এই ফর্মের পেছন দিকে থাকা যোগাযোগের বিবরণ ব্যবহার করে IRARA'র স্থানীয় প্রতিনিধির (ব্র্যাক) সাথে যোগাযোগ করার মাধ্যমে আপনি আবেদন করতে পারেন।

*অনুগ্রহ করে খেয়াল করুন যে নেটওয়ার্কটির সকল সহযোগী দেশগুলি বর্তমান সময়ে বাংলাদেশে ERRIN এর মাধ্যমে প্রদত্ত পুনরেকত্রীকরণ সহায়তা ব্যবহার করে না। এটি পরিবর্তন-যোগ্য। সাম্প্রতিক তথ্যের জন্য আপনার পরামর্শদানকারীর সাথে কথা বলুন।

কী কী
সহায়তা প্রদান করা হতে পারে?

ERRIN কর্মসূচির অধীনে একজন প্রত্যাবর্তনকারী হিসাবে আপনি একাধিক প্রত্যাবর্তন ও পুনঃঅঙ্গীভূতকরণ পরিষেবা পাওয়ার উপযুক্ত হতে পারেন যেগুলি আপনার নিজের দেশে ফিরে আসার পরে শুরু করতে আপনাকে সাহায্য করার জন্য IRARA মাধ্যমে প্রদান করা হয়।

পরিষেবাগুলো নগদ অর্থে না দিয়ে অন্যভাবে প্রদান করা হয় (যদি না অন্য কিছু বলা হয়ে থাকে) এবং পরিষেবাগুলো আপনি কোথা থেকে আসছেন, আপনার বিবরণ, এবং আপনার কোনো সুনির্দিষ্ট চাহিদা আছে কিনা তার উপর নির্ভর করে ভিন্ন-ভিন্ন হতে পারে।

যে
পদ্ধতি অনুসরণ করতে হবে

প্রস্থানের আগে

ERRIN সহযোগী দেশের কর্তৃপক্ষ আপনার আবেদন অনুমোদন করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে তথ্য সহযোগীতা পেতে সাহায্য পাওয়ার IRARA (www.irara.org) কে অনুরোধ জানাতে পারেন।

আপনি পৌঁছানোর পর

বাংলাদেশে পৌঁছানোর পরে IRARA আপনাকে প্রাথমিক সহায়তা প্রদান করতে পারে।

- বিমানবন্দর থেকে নিয়ে যাওয়া বা আগমনের স্থানে অভ্যর্থনা
- দেশের অভ্যন্তরে পরবর্তী ভ্রমণ সহায়তা
- সাময়িক বাসস্থান
- জরুরি চিকিৎসাগত পরিচর্যার জন্য রেফারাল
- অন্যান্য প্রাথমিক অপরিহার্য জিনিসগুলি

পুনরেকত্রীকরণ পরিষেবা

এমন একটি উপযোগী করে তোলা পুনঃপ্রতিষ্ঠা পরিকল্পনা গড়ে তোলার জন্য IRARA আপনার সাথে কাজ করবে যেটি মঞ্জুর করা উপলব্ধ রাশির আওতার মধ্যে, আপনার পরিস্থিতি ও চাহিদাগুলিকে বিবেচনা করে। পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হতে পারে:

- সামাজিক, আইনি এবং চিকিৎস সহায়তা
- দীর্ঘ-মেয়াদী আবাসন সহায়তা
- স্কুল-শিক্ষা ও ভাষা প্রশিক্ষণ
- কর্ম নিয়োগ সহায়তা
- কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ
- ব্যবসা শুরু করায় সহায়তা
- বিপন্ন দলগুলির জন্য প্রয়োজনমাফিক সহায়তা

IRARA পরিচিতি

বাংলাদেশে ERRIN কর্মসূচির পরিষেবা সমুহ প্রদানের জন্য BRAC এর সাথে একযোগে কাজ করে। সকল নাগরিকের কাছে পৌঁছানোর জন্য 1972 সালে প্রতিষ্ঠিত BRAC প্রায় 97.000-এর বেশি কর্মী নিয়োগ করেছে যারা দেশ জুড়ে ছড়িয়ে-ছিটিয়ে থাকা অসংখ্য ব্র্যাক কার্যালয়ের নেটওয়ার্ক ব্যবহার করে পেশাদার পরামর্শ-সেবা প্রদান করেন।

সকল IRARA পেশাদারী পরামর্শদানকারীরা বাংলাদেশের নাগরিক এবং সফল পুনরেকত্রীকরণের জন্য ব্যক্তিগত চাহিদা-উপযোগী পরামর্শ ও সহায়তা প্রদান করার মাধ্যমে নাগরিকদের পুনর্বাসিত করার ব্যাপক অভিজ্ঞতা আছে।